

দাবি যাচাইয়ের SIFT পদ্ধতি

SIFT (Stop-Investigate-Find-Trace)

খবর, পোস্ট, ছবি, ভিডিও বা পরিসংখ্যান: বিশ্বাস বা শেয়ার করার আগে চারটি ধাপ



বাংলাদেশ
পাঠাগার
আন্দোলন
BANGLADESH
PATHAGAR ANDOLON

একটি দাবি চোখে পড়ল

S

থামুন

থামুন (Stop)

দাবিটা দেখে কি রাগ, ভয় বা উত্তেজনা হচ্ছে? যেখান থেকে এসেছে, সেই উৎসকে কি আমি চিনি?

কৌশল: শেয়ার, লাইক বা মন্তব্যের আগে ৩০ সেকেন্ড থামুন। আবেগ যত চড়া, থামা তত জরুরি। যাচাই করতে গিয়ে খেই হারালে আবার থামুন।

I

উৎস

উৎস যাচাই করুন (Investigate the source)

কে বলছে? তাদের পরিচয়, দক্ষতা আর উদ্দেশ্য কী? এই বিষয়ে কথা বলার যোগ্যতা কি তাদের আছে?

কৌশল: সাইট বা পেজের ভেতরে বসে না থেকে নতুন ট্যাবে খুঁজুন, অন্যরা এই উৎস সম্পর্কে কী বলে। একে বলে ল্যাটেরাল রিডিং (lateral reading)।

F

আরও সূত্র

আরও ভালো সূত্র খুঁজুন (Find better coverage)

বিশ্বস্ত সংবাদমাধ্যম, বিশেষজ্ঞ বা ফ্যাক্ট-চেক সাইট কি একই কথা বলছে? নাকি দাবিটি কেবল এক জায়গাতেই আছে?

কৌশল: মূল দাবিটা নিজের ভাষায় লিখে সার্চ করুন। দুই-তিনটি নির্ভরযোগ্য সূত্রে না মিললে সন্দেহ করুন।

T

মূলে ফেরা

মূল প্রসঙ্গে ফিরে যান (Trace claims, quotes and media)

উদ্ধৃতি, ছবি, ভিডিও বা পরিসংখ্যানটি প্রথম কোথায়, কবে, কোন প্রসঙ্গে এসেছিল? কেটে-ছেটে অর্থ বদলানো হয়নি তো?

কৌশল: ছবির জন্য রিভার্স ইমেজ সার্চ (reverse image search) করুন। পরিসংখ্যানের জন্য মূল রিপোর্ট খুঁজে পড়ুন।

শেয়ার করবেন না
আগে আরও যাচাই

হ্যাঁ

এখনো কোনো
সন্দেহ আছে?

না

যাচাই করা দাবি
সূত্রসহ শেয়ার করুন

চারটি ধাপ কঠোর ক্রম নয়, চারটি চাল (move): অনেক সময় প্রথম এক-দুই ধাপেই উত্তর মেলে।